

ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ২৭ জন বাংলাদেশির মৃত্যু আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর শোক ও উদ্বেগ

লিবিয়া হয়ে ভূমধ্যসাগর দিয়ে ইতালি যাওয়ার পথে নৌকাডুবির ঘটনায় ৬০ জন মানুষের মৃত্যু ঘটেছে যার মধ্যে অন্তত ২৭ জন বাংলাদেশি নাগরিক রয়েছে। আসক এমন মর্মান্তিক ঘটনার শোক প্রকাশ করছে এবং এমন ঘটনার পুনরাবৃত্তি রোধে জাতীয় পর্যায়ে আরো কার্যকর ও সমন্বিত ব্যবস্থা গ্রহণ এবং আন্তর্জাতিক পর্যায়ে সংশ্লিষ্ট বিভিন্ন রাষ্ট্রের সাথে কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করার দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা গেছে, গত বৃহস্পতিবার ৯ মে ২০১৯ রাতে লিবিয়া থেকে ইতালি যাওয়ার পথে একটি অভিবাসীবাহী নৌকা ডুবে যায়। আরো জানা গেছে, ঐ নৌকায় ৭৫ জন অভিবাসনপ্রত্যাশী আরোহীদের মধ্যে বাংলাদেশি ছিলেন ৫১ জন যার মধ্যে ১৪ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ১৪ জনের কাছ থেকে নিহত ২৭ জনের পরিচয় নিশ্চিত হওয়া গেছে।

ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইউরোপে যাওয়ার পথে নৌকাডুবির ঘটনা প্রায়শই ঘটেছে। এসব ঘটনায় আহত, নিহত এবং আটক হওয়া লোকদের মধ্যে একটি উল্লেখযোগ্য সংখ্যকই বাংলাদেশের নাগরিক। দেশের ভেতরে ও বাইরে সক্রিয় চক্রের প্ররোচনায় উন্নত জীবন ও আর্থিক সুবিধার প্রলোভনে এ ধরনের ঝুঁকিপূর্ণ অভিবাসনের চেষ্টা করে যাচ্ছেন এমন অসংখ্য মানুষ। অথচ এসব চক্র সবসময় ধরাছোঁয়ার বাইরে থেকে যাচ্ছে। অত্যন্ত ঝুঁকিপূর্ণ এই প্রক্রিয়ায় যুক্ত থেকে যারা নিয়মিতভাবে এ ধরনের অভিবাসন করাচ্ছেন তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনার জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানাচ্ছে আসক।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: 880-2-8126047, 8126134, 8126137, Fax: 880-2-8126045
Email: ask@citechco.net, Website: www.askbd.org